

# চিঠি

PQROI | বিভেদ

অনুবাদক – জাকারিয়া রিপন

তোমাকে আমার কিছু বলার আছে  
তা যত কঠিন হউক  
তোমার জানা উচিত  
যখন আমি একলা থাকি  
আমি কথা বলি ।

আমাকে জিজ্ঞেস কোরনা  
আমি কি বলি  
হয়তবা আমি তোমাকে তা বলতাম  
যদি আমার জানা থাকত  
তাহলে আবশ্যই আমার কখনো  
তা বলার প্রয়োজন হতো না ।

শুধু জেনে রাখ –  
যখন আমি একলা থাকি  
আমি কথা বলি ।  
আমাকে অনুমতি দাও  
তোমাকে বলতে যা আমি ভাবছি  
নিরবতা ।  
তাহলে সেখানে  
খোজার কিছু আছে ।